"দূর্নীতি, মাদক ও সন্ত্রাসমুক্ত উন্নত দুমকী উপজেলা গঠন আমাদের অঙ্গীকার"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দুমকী, পটুয়াখালী।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## উপজেলা পরিষদ এর ০৫/০৩/১৭৪/৫১ তম সভার কার্যবিবরণী

সভাপতি ঃ ড. হারুন-অর-রশীদ হাওলাদার
চেয়ারম্যান, দুমকী উপজেলা পরিষদ।
তারিখ ঃ ১৩-০৪-২০২৩ খ্রিঃ।
সময় ঃ বৃহস্পতিবার, সকাল- ৯.০০ ঘঃ।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, দুমকী, পটুয়াখালী।
উপস্থিতি ঃ উপস্থিতি/অনুপস্থিতি পরিশিষ্ট 'ক' এবং পরিশিষ্ট 'খ'তে দেখানো হলো।

সভাপতি উপজেলা পরিষদের সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি মহোদয় উপজেলা নির্বাহী অফিসারকে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করার আহবান জানান।

উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য বিষয়সহ নিম্নরূপ আলোচনা করেন ও নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্বে |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার জানান, বিগত সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত সমূহ উপজেলা পরিষদ ওয়েবসাইটে যথাসময় দেয়া হয়েছে, তিনি পূর্ববর্তী ১৭৩ (৫০) তম সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং কোনরূপ সংশোধন না থাকায় উপস্থিত উপজেলা পরিষদের সকল সদস্যবৃন্দ সর্বসম্মতভাবে বিগত সভার সিদ্ধান্ত সমূহ নিশ্চিত করেন। | উপজেলা পরিষদ, দুমকী ১৭৩ (৫০) তম সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত সমুহ কোনরূপ সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে বিগত সভার সিদ্ধান্ত সমূহ অনুমোদন দেওয়া হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, দুমকী। |
| ০২ | উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তা নিশ্চিতে অবশিষ্ট অংশে ফেন্সিংবেড়া সমাপ্তিকরণ প্রসঙ্গে। | উপজেলা প্রকৌশলী জনাব মোঃ আবু ইউনুস প্রস্তাব করেন যে, উপজেলা পরিষদ চত্বরের সামনের দিকে সওজ সংলগ্ন জিপি, জিআই ফেন্সিং এখনও ২৭৫ ফুট করা সম্ভব হয় নাই। ২৭৫ ফুট নিরাপত্তা ফেন্সিং নির্মাণের জন্য বিদ্যমান বাজার দর বিবেচনায় ৬,৮৫,৫৩৯/- (ছয় লক্ষ পচাশি হাজার পাঁচশত উনচল্লিশ) টাকার প্রাক্কলন উপস্থাপন করেন। সভাপতি মহোদয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৩(ক) অনুসরণ করে RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করার প্রস্তাব করেন।<br>লেবুখালী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান ডা: আ: সালামসহ উপস্থিত অন্যান্য সকল সদস্যবৃন্দ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষন করেন। | প্রস্তাবিত নিরাপত্তা ফেন্সিং নির্মাণের জন্য ৬,৮৫,৫৩৯/- (ছয় লক্ষ পচাশি হাজার পাঁচশত উনচল্লিশ) টাকার প্রাক্কলন উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৩(ক) অনুসরণ করে RFQ পদ্ধতিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| ০৩ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত প্রসঙ্গে। | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের বিভিন্ন কক্ষ ও রান্না ঘরের দেয়াল ধসে পড়ার উপক্রম একইভাবে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনের ২টি কক্ষের দেয়াল সংস্কার করা প্রয়োজন রয়েছে। তাই দেয়াল সংস্কারসহ প্রয়োজনীয় টাইলস ও রং করণের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন।<br>সভাপতি মহোদয় বলেন, চলমান অর্থ বছরে আভ্যন্তরীন মেরামত খাতে যে বরাদ্দ পাওয়া গেছে তাদের ইতিমধ্যে কয়েকটি প্রকল্প শতভাগ বাস্তবায়িত হয়েছে। আগামী অর্থ বছরে নীতিমালার নির্দেশনা অনুযায়ী রাজস্ব তহবিল ব্যয় প্রকল্পটি অগ্রাধিকার হিসাবে বাস্তবায়নের প্রস্তাব করেন।<br>উক্ত প্রস্তাবের সাথে সকলে একমত পোষন করেন। | আগামী অর্থ বছরে রাজস্ব তহবিল ব্যয় উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বাসভবন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের প্রয়োজনীয় সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দুমকী। |
| ০৪ | উপজেলা | উপজেলা প্রকৌশলী জনাব মোঃ আবু ইউনুস জানান যে, | উপজেলা পরিষদের | উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | পরিষদ গেট ও ফেঞ্চিং বেড়ার উপর রাতে আলোকিতকরণ প্রসঙ্গে। | সভাপতি মহোদয়ের একান্ত প্রচেষ্টায় উপজেলা পরিষদের সার্বক্ষনিক নিরাপত্তা নিশ্চিতে চত্বরের সামনের দিকে সওজ সংলগ্ন জিপি, জিআই ফেঞ্চিং নির্মাণ সম্পন্ন হয়েছে। ফেঞ্চিং ও মেইন গেট বিদ্যুৎ সংযোগ ও আলোকিত করণের লক্ষ্যে প্রাক্কলিত ৩৭০,৬৭৮/- (তিনলক্ষ সত্তার হাজার ছয়শত আটাত্তর) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যয় RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করার প্রস্তাব করেন।<br>পাংগাশিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ উপস্থিত অন্যান্য সকল সদস্যবৃন্দ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষন করেন। | সার্বক্ষনিক নিরাপত্তা নিশ্চিতে নির্মিত। ফেঞ্চিং ও মেইন গেট বিদ্যুৎ সংযোগ ও আলোকিত করণের লক্ষ্যে প্রাক্কলিত ৩৭০,৬৭৮/- (তিনলক্ষ সত্তার হাজার ছয়শত আটাত্তর) টাকা ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যয় RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী অফিসার, দুমকী। |
| ০৫ | আনসার ব্যারাক স্থান উন্নয়ন ও সংযোগ সড়ক নির্মাণ প্রসঙ্গে। | উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার বিভাগের ০৩/০৪/২০২৩ খ্রি. তারিখের ২০৫নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসারের সার্বক্ষনিক নিরাপত্তাসহ বাসভবন ও উপজেলা ক্যাম্পাসের নিরাপত্তাসহ বাসভবন ও উপজেলা ক্যাম্পাসের নিরাপত্তায় আনসার সদস্যদের জন্য আবাসন ভবন নির্মাণের জন্য প্রস্তাবিত নিচু জায়গা বালু ভরাট দ্বারা উন্নয়ন ও সংযোগ সড়ক নির্মাণের নিমিত্তে ৪,১৫,৮৪৮/- (চার লক্ষ পনের হাজার আটশত আটচল্লিশ) টাকা রাজস্ব তহবিল থেকে ব্যয়ের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। যা বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, সভাপতি মহোদয়ের একান্ত প্রচেষ্টায় প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। আনসার ব্যারাক নির্মাণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের জোর তাগিদ রয়েছে। এটি দ্রুত নির্মাণ করা প্রয়োজন। তাই সময় স্বল্পতা বিবেচনায় নিজস্ব তত্ত্বাবধানে এবং ঠিকাদার বিভিন্ন স্থানে চলমান কাজ ফেলে রাখার অভিজ্ঞতার আলোকে RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করার প্রস্তাব করেন।<br>শ্রীরামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ উপস্থিত অন্যান্য সকল সদস্যবৃন্দ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষন করেন। | ক্যাম্পাসের নিরাপত্তায় আনসার সদস্যদের জন্য আবাসন ভবন নির্মাণের জন্য প্রস্তাবিত নিচু জায়গা বালু ভরাট দ্বারা উন্নয়ন ও সংযোগ সড়ক নির্মাণের নিমিত্তে অনুমোদিত প্রাক্কলনের আলোকে ৪,১৫,৮৪৮/- (চার লক্ষ পনের হাজার আটশত আটচল্লিশ) টাকা RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দুমকী। |
| ০৬ | অফিসার্স ক্লাবের জন্য নির্ধারিত নিচু স্থান উন্নয়ন প্রসঙ্গে। | উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ০৭/০৩/২০২৩খ্রি. তারিখের ১২৭নং স্মারকের মাধ্যমে উপজেলা পরিষদ অভ্যন্তরে অফিসার্স ক্লাব নির্মাণের জন্য প্রস্তাবিত নিচু জায়গা বালু ভরাট দ্বারা উন্নয়ন করার নিমিত্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা হয়। যার অনুমোদন পাওয়া যায়নি। ইতিমধ্যে সওজ সংলগ্ন নিচু ভুমি উন্নয়ন করে ফেঞ্চিং নিরাপত্তা বেষ্টনী নির্মাণ করা হয়েছে। এটি পরিষদের ভবন সংলগ্ন হওয়ায় ক্যাম্পাসের বাহিরের পানিও এখানে জমা হবে বিধায় নিচু স্থানটি বালু ভরাট দ্বারা উন্নয়ন করা না হলে বর্ষার মৌসুমে পানি জমে পুরো ক্যাম্পাসে জলাবদ্ধতা সৃষ্টি হবে। অফিসার্স ক্লাবের জন্য প্রস্তাবিত স্থানটি পুরো চত্বরের জন্য এখন পরিবেশগত কারণে ঝুকিপূর্ণ। সরকারী সেবা প্রদানে প্রশাসনিক ভবন অচল হয়ে পরতে পারে। তাই উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রাক্কলনটি প্রশাসনিক অনুমোদনের জন্য পুন:প্রেরণের প্রস্তাব করেন।<br>উপস্থিত সকল সদস্যবৃন্দ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। | উপজেলা পরিষদ অভ্যন্তরে অফিসার্স ক্লাব নির্মাণের জন্য প্রস্তাবিত নিচু জায়গা বালু ভরাট দ্বারা উন্নয়ন করার নিমিত্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পুন:পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দুমকী। |
| ০৭ | উপজেলাধীন অকার্যকর স্ট্রীট সোলার লাইট | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলাধীন দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগের মাধ্যমে বিভিন্ন স্থানে সোলার স্ট্রীট লাইট অচল অবস্থায় আছে। উক্ত লাইটের পোষ্ট | উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল ব্যয় অচল স্ট্রীট সোলার লাইট সমূহ সচল | উপজেলা প্রকল্প বাস্তবায়ন |

| | | | | |
|---|---|---|---|---|
| | এর ইনভেন্টরি প্রস্তুতকরণ প্রসঙ্গে। | সমূহ কাজে লাগিয়ে উপজেলা পরিষদের নিজস্ব অর্থায়নে প্রয়োজনীয় সরঞ্জামাদি সংযোজন করে নিরাপত্তা বিবেচনা করে গুরুত্বপূর্ন সড়কে স্থাপন করা হলে জনস্বার্থ সংরক্ষিত হবে। এ বিষয়ে জেলা উন্নয়ন সমন্বয়ন সভায় অবহিত করা যেতে পারে। এ পর্যায়ে উপজেলা প্রকৌশলী বলেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস কর্তৃক সংখ্যা নির্ধারণি ইনভেন্টরি তৈরী করে আমাদের জানানো হলে প্রাক্কলন করে ব্যবস্থা গ্রহণ করতে পারি।<br>উক্ত প্রস্তাবের সাথে সদস্যবৃন্দ একমত পোষন করেন। | করে জনগুরুত্ব বিবেচনা করে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | কর্মকর্তা, দুমকী |
| ০৮ | জনস্বার্থে পিরতলা বাজারের রাস্তা উন্নয়ন। | সভাপতি মহোদয় প্রস্তাব করেন যে, পিরতলা বাজারের ভংগুর সড়ক জনস্বার্থে সচল করার জন্য হাটবাজার বিধিমালা ২০১৮ এর বিধি ১৫ (ঙ) এর আলোকে অনধিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় একটি প্রকল্প গ্রহণ করে শ্রীরামপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব আমিনুল ইসলাম সালামকে দায়িত্ব প্রদান করা যেতে পারে।<br>উক্ত প্রস্তাবের সাথে সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন। | পিরতলা বাজারের ভংগুর সড়ক জনস্বার্থে সচল করার জন্য হাটবাজার বিধিমালা ২০১৮ এর বিধি ১৫ (ঙ) এর আলোকে অনধিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় একটি প্রকল্প গ্রহণ করে শ্রীরামপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব আমিনুল ইসলাম সালামকে দায়িত্ব প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দুমকী |
| ০৯ | কার্যপত্র ভিত্তিক বিভাগীয় আলোচনা পূর্ববর্তী সভার সিদ্ধান্ত সমূহের বিভাগ ভিত্তিক অগ্রগতি প্রতিবেদন ও পর্যালোচনা। | **১। উপজেলা কৃষি বিভাগঃ**<br>উপজেলা কৃষি অফিসার জানান যে, জাইকা অর্থায়নে ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত ৮টি পাওয়ার ট্রিলার সম্পর্কে ১জন ইউপি চেয়ারম্যান কর্তৃক বিগত সভায় উথাপিত অভিযোগের বিষয়ে গঠিত ৩ সদস্য বিশিষ্ট কারিগরি কমিটির প্রতিবেদন পাওয়া গেছে। প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, বিগত বছরে উন্মুক্ত দরপত্রে ক্রয়কৃত পাওয়ার ট্রিলারের মেশিন সমূহ ঠিকাদার কর্তৃক নতুন সরবরাহ করা হয়েছে এবং পরিবহনকালীন ২/১টি মেশিনে কিছুটা ত্রুটি পরিলক্ষিত হয়, যা ফিটার কর্তৃক চিহ্নিত হওয়ায় নিরসন করা হয়েছে। পাওয়ার ট্রিলার সমূহ ইতিমধ্যে সংগঠিত কৃষকদের মাঝে বিতরণ করা হয়েছে এবং নিরবচ্ছিন্ন চাষাবাদ কার্যক্রম পরিচালিত হচ্ছে বিধায় উক্ত প্রতিবেদনটি গ্রহণ করার প্রস্তাব করা হলে উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন এবং পাওয়ার ট্রিলার সরবরাহকৃত ঠিকাদারের বিল ছাড়করণের বিষয়ে সকলে একমত পোষন করেন। | পাওয়ার ট্রিলার এর অভিযোগের বিষয়ে গঠিত ৩ সদস্য বিশিষ্ট কারিগরি কমিটির প্রতিবেদন সর্বসম্মতভাবে গৃহীত হয় এবং পাওয়ার ট্রিলার সরবরাহকৃত ঠিকাদারের বিল ছাড়করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| | | **২। উপজেলা প্রকৌশল বিভাগঃ**<br>১। উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের ৫০তম সভার সিদ্ধান্তের আলোকে পয়নিস্কাশনের জন্য দুমকী উপজেলা পরিষদ চত্বরের ড্রেনেজ একটি মাস্টারপ্লান প্রস্তুত করার জন্য উপজেলা পরিষদ অভ্যন্তরে ডিজিটাল সার্ভে কার্যক্রম সম্পন্ন করা প্রয়োজন। এ জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যয় ৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার) টাকা প্রয়োজন। ইতিমধ্যে ডিজিটাল সার্ভের জন্য ঢাকার মৃত্তিকা অনুসন্ধান প্রতিষ্ঠানের সাথে কথা বলা হয়েছে। সকলে একমত পোষন করলে কার্যক্রম সম্পন্ন করে মাষ্টারপ্লান প্রস্তুত করা যায়।<br>এ বিষয় উপস্থিত সকল সদস্যবৃন্দ উক্ত প্রস্তাবের একমত পোষন করেন।<br>এ পর্যায়ে উপজেলা প্রকৌশলী চলমান অর্থ বছরে উপজেলা পরিষদে আসবাবপত্র সরবরাহ বাবদ ৩০০,০০০/- (তিন লক্ষ) টাকার প্রাক্কলন সভায় | ১। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল টাকা ৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার) ব্যয় উপজেলা পরিষদ অভ্যন্তরীন ড্রেনেজ মাষ্টারপ্লান প্রণয়নের নিমিত্তে ঢাকার মৃত্তিকা অনুসন্ধান প্রতিষ্ঠান কর্তৃক ডিজিটাল সার্ভে সম্পন্ন করনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। উপজেলা পরিষদে আসবাবপত্র সরবরাহ বাবদ ৩০০,০০০/- (তিন লক্ষ) টাকার প্রাক্কলন উপজেলা | উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br>সভাপতি মহোদয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৩(ছ) অনুসরণ করে RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করার প্রস্তাব করলে শ্রীরামপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ আমিনুল ইসলাম সালামসহ অন্যান্য সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন।<br>এ পর্যায়ে উপজেলা প্রকৌশলী চলমান অর্থ বছরে উপজেলা পরিষদে অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ৩০০,০০০/- (তিন লক্ষ) টাকার প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br>সভাপতি মহোদয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৩(চ) অনুসরণ করে RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করার প্রস্তাব করলে পাংগাশিয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ আমিনুল ইসলাম সালামসহ অন্যান্য সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন।<br>এ পর্যায়ে উপজেলা প্রকৌশলী উপজেলা পরিষদ চত্বরের সামনের দিকে সওজ সংলগ্ন জিপি, জিআই ফেন্সিং নির্মাণের অতিরিক্ত কাজ সৌন্দর্য্য বর্ধনের জন্য ২,৭২,০৭৬/- (দুই লক্ষ বাহাত্তর হাজার ছিয়াত্তর) টাকার প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br>সভাপতি মহোদয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৩(ক) অনুসরণ করে RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করার প্রস্তাব করলে আংগারিয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ আমিনুল ইসলাম সালামসহ অন্যান্য সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন। | পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৩(ছ) অনুসরণ করে RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। উপজেলা পরিষদে অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ৩০০,০০০/- (তিন লক্ষ) টাকার প্রাক্কলন উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৩(চ) অনুসরণ করে RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। উপজেলা পরিষদ চত্বরের সামনের দিকে সওজ সংলগ্ন জিপি, জিআই ফেন্সিং নির্মাণের অতিরিক্ত কাজ সৌন্দর্য্য বর্ধনের জন্য ২,৭২,০৭৬/- (দুই লক্ষ বাহাত্তর হাজার ছিয়াত্তর) টাকার প্রাক্কলন উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৩(ক) অনুসরণ করে RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **৩। উপজেলা সমাজসেবা অধিদপ্তর ঃ**<br>উপজেলা সমাজসেবা বিভাগের কার্যপত্র না পাওয়ায় কোন তথ্য উত্থাপিত হয়নি। | কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| | | **৪। উপজেলা মৎস্য অধিদপ্তর ঃ**<br>উপজেলা মৎস্য বিভাগের কার্যপত্র না পাওয়ায় কোন তথ্য উত্থাপিত হয়নি। | কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| | | **৫। উপজেলা স্বাস্থ্য বিভাগঃ**<br>উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যপত্র না পাওয়ায় কোন তথ্য উত্থাপিত হয়নি। | কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পপ কর্মকর্তা |
| | | **৬। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যপত্র না পাওয়ায় কোন তথ্য উত্থাপিত হয়নি। | কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প.প. কর্মকর্তা |
| | | **৭। উপজেলা প্রানিসম্পদ বিভাগঃ**<br>উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যপত্র না পাওয়ায় কোন তথ্য উত্থাপিত হয়নি। | কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| | | **৮। উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ**<br>উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যপত্র না পাওয়ায় কোন তথ্য উত্থাপিত হয়নি। | কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| | | **৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যপত্র না পাওয়ায় কোন তথ্য উত্থাপিত হয়নি। | কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| | | **১০। উপজেলা শিক্ষা বিভাগঃ**<br>উপজেলা শিক্ষা বিভাগের কার্যপত্র না পাওয়ায় কোন তথ্য উত্থাপিত হয়নি। | কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **১১। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যপত্র না পাওয়ায় কোন তথ্য উত্থাপিত হয়নি। | কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| | | **১২। উপজেলা সমবায় বিভাগঃ**<br>উপজেলা সমবায় বিভাগের কার্যপত্র না পাওয়ায় কোন তথ্য উত্থাপিত হয়নি। | কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| | | **১৩। উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যপত্র না পাওয়ায় কোন তথ্য উত্থাপিত হয়নি। | কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| | | **১৪। উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ**<br>উপজেলা জনস্বাস্থ্য বিভাগের কার্যপত্র না পাওয়ায় কোন তথ্য উত্থাপিত হয়নি। | কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা |
| | | **১৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যপত্র না পাওয়ায় কোন তথ্য উত্থাপিত হয়নি। | কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | এপ্রিল ২০২৩ জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যপত্র প্রণয়ন প্রসঙ্গে। | আংগারিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সৈয়দ গোলাম মরতুজা বলেন, ১। মডেল মসজিদ ও সীমানা প্রাচীর নির্মাণ না হওয়ায় সরকারের ভাবমূর্তি ও পরিষদ চত্বরের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে।<br>২। প্রায়শই অগ্নিকান্ডে মানুষ সর্বস্ব হারাচ্ছে। গত ১২/০৪/২০২৩খ্রি. তারিখে চরবয়ড়া গ্রামে ৫টি গৃহে অগ্নিকান্ডে নজিরবিহীন ক্ষতিগ্রস্ত হয়েছে। তাই যে স্থানেই হোক স্থান নির্বাচন চূড়ান্ত করে জনস্বার্থে ফায়ার ব্রিগেড নির্মাণ সম্পন্ন করা অতীব প্রয়োজন।<br>৩। দূর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের মাধ্যমে স্থাপিত বর্তমানে অচল সৌর সড়ক বাতিসমূহ উপজেলা পরিষদের অর্থায়নে সচল করে জনচাহিদা অনুযায়ী স্থাপনের জন্য অবহিত করছি।<br>৪। অনাবাদি চাষযোগ্য ভুমি চাষাবাদের আওতায় আনায়নের জন্য ব্যবস্থা গ্রহণ প্রয়োজন। একদিকে অনাবাদি থাকা অন্যদিকে মাটি কেটে নেয়া দুটি'ই পরিপন্থি ও ঝুকিপূর্ণ। তাই বর্ণিত বিষয় সমূহ জেলা সমন্বয় সভার কার্যপত্রে দেয়ার প্রস্তাব করছি।<br>উপস্থিত সকল সদস্যবৃন্দ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষন করেন। | উল্লেখিত বিষয় সমূহ এপ্রিল/২৩ মাসের জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যপত্রে অন্তর্ভুক্তির সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দুমকী। |
| ১১ | বিবিধ-০১ | শ্রীরামপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ আমিনুল ইসলাম বিগত বছরের ন্যায় এ বছরও উপজেলা পরিষদের নিজস্ব কর্মচারীদের বেতনের সমপরিমাণ উভয় ঈদ উৎসব বোনাস প্রদান করার প্রস্তাব করেন।<br>পাংগাশিয়া ইউপি চেয়ারম্যান জনাব গাজী নজরুল ইসলাম উক্ত প্রস্তাবকে একটি চলমান, নিয়মিত এবং মানবিক বিবেচনায় স্থায়ী সিদ্ধান্ত হিসাবে অনুমোদনদানের জন্য মতামত প্রকাশ করেন। উপস্থিত সকল সদস্যগন উক্ত প্রস্তাবের সাথে সর্বসম্মত একমত পোষন করেন। | উপজেলা পরিষদের নিজস্ব কর্মচারীদের মানবিক কারণে বেতনের সমপরিমাণ উভয় ঈদ উৎসব বোনাস প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দুমকী। |
| ১২ | বিবিধ-০২ | উপজেলা পরিষদের গোপনীয় সহকারী জানান যে, মার্চ ২০২২ মাসে উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ সভায় আপ্যায়ন ব্যয় বাবদ প্রতিমাসে ৩০,০০০/- টাকা, ভাইস চেয়ারম্যানদ্বয় ও স্থায়ী কমিটির সভায় আপ্যায়ন ব্যয় বাবদ প্রতিমাসে ৮,০০০/- টাকা, আনুষঙ্গিক মালামাল ক্রয় বাবদ প্রতিমাসে ৫,০০০/- টাকা, ইন্টারনেট ব্যয় বাবদ প্রতিমাসে ১,০০০/- টাকার ব্যয় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br>জনাব মোঃ খলিলুর রহমান, ইলেকট্রিশিয়ান, এলজিইডি কর্তৃক | বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক সকল ভাউচারের ব্যয় সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং আলোচনায় বর্ণিত সকল ভাউচারের বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে খাতওয়ারী পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দুমকী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গেজেটেড কোয়ার্টার এর পানির মেইন লাইন মেরামত ৪,০৩৫/- টাকার ভাউচার পাওয়া গেছে।<br>জনাব মোঃ খলিলুর রহমান, ইলেকট্রিশিয়ান, এলজিইডি কর্তৃক উপজেলা পরিষদের পাম্প হাউজের মটর ঠান্ডা রাখার নিমিত্তে একটি ফ্যান ক্রয় বাবদ ৩,২০০/- টাকার ভাউচার পাওয়া গেছে।<br>জনাব মোঃ বেল্লাল হোসেন, ড্রাইভার কর্তৃক উপজেলা পরিষদের জীপ গাড়ীর ট্যাক্স টোকেন নবায়ন বাবদ ৮,৮৫০/- টাকার ভাউচার পাওয়া গেছে।<br>জনাব মোঃ খোকন কর্তৃক উপজেলা পরিষদের অভ্যন্তরীন ১৬টি সিসি ক্যামেরার লাইন বৈদ্যুতিক শর্ট সার্কিটের মাধ্যমে পুড়ে যাওয়ায় ক্যাবল, কর্ড, এ্যাডেপটার ইত্যাদি ক্রয় বাবদ ১৮,৩৫০/- টাকার ভাউচার পাওয়া গেছে।<br>জনাব সোহেল মাহমুদ কর্তৃক গেজেটেড কোয়াটারের ছাদে পানির ট্যাংক পরিস্কার বাবদ ১৫০০/- টাকার ভাউচার পাওয়া গেছে।<br>জনাব সোহেল মাহমুদ কর্তৃক পরিষদ চত্বরে ঘাস মারা স্প্রে করা বাবদ ১,৪০০/- টাকার ভাউচার পাওয়া গেছে।<br>জনাব সোহেল মাহমুদ দুলাল কর্তৃক চত্বরের নারিকেল গাছ পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ৫,২০০/- টাকার ভাউচার পাওয়া গেছে।<br>জনাব শামিম আহম্মেদ কর্তৃক দুমকী উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ সভাকক্ষ এবং উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষের এসি সার্ভিসিং বাবদ ১৩,৫০০/- টাকার ভাউচার পাওয়া গেছে।<br>এছাড়া মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উৎযাপিত হয়েছে। এ দিবসটি পালনে সরকারী বরাদ্দ স্বল্পতায় অতিরিক্ত ব্যয় মিটানোর জন্য রাজস্ব তহবিল হতে ৭০,০০০/- টাকা উত্তোলণ করা হয়েছে। যা অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন।<br>মাননীয় প্রধানমন্ত্রীর উদ্বোধনী ফলক, উপজেলা পরিষদের অভ্যন্তরীন স্থাপনা সমূহের ফলকসমূহ পুন:লেখন ও সংস্কার, উপজেলা পরিষদের সাইনবোর্ড, জাতীয় দিবস উপলক্ষে পরিচ্ছন্ন ব্যয়, মাহে রমজান উপলক্ষে জনসচেতনতা প্রচারণা, উপজেলা পরিষদ জামে মসজিদের তারাবীহ ব্যয় ৬০,০০০/- (ষাট হাজার) টাকার ভাউচার অনুমোদনের উপস্থাপন করা হয়। উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. হারুন-অর-রশীদ হাওলাদার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দুমকী, পটুয়াখালী।

স্মারক নং- ৪৬.০৪৬.৭৮৫৫.০০০.১৩.০৫৬.২৩- ৫৪৫

তারিখ- ১৩/০৪/২০২৩ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ

০১। মাননীয় সংসদ সদস্য-১১১, পটুয়াখালী-১
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা-১০০০।
০৩। জেলা প্রশাসক, পটুয়াখালী।
০৪। উপজেলা ........................................... অফিসার, দুমকী।
০৫। জনাব ................................................................... দুমকী।
০৬। অফিস নথি।

(মোঃ আল ইমরান)
উপজেলা নির্বাহী অফিসার
দুমকী, পটুয়াখালী।